



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে 'ডি-নথি' বাস্তবায়ন বিষয়ক দুই দিনব্যাপী প্রশিক্ষণ শুরু

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) কর্মকর্তা ও কর্মচারীদের অংশহীনে 'ডি-নথি' বাস্তবায়ন বিষয়ক দুই দিনব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে। আজ বুধবার (২০ ডিসেম্বর ২০২৩) বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি ভবনের শিক্ষা বিভাগের কম্পিউটার ল্যাব কক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। নোবিপ্রবির ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এ প্রশিক্ষণের আয়োজন করে। প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। নোবিপ্রবি আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি এবং কোর্স পরিচালক হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবি রেজিস্ট্রার জনাব মোহাম্মদ জসীম উদ্দিন। আইকিউএসির অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মুহাইমিনুল ইসলাম সেলিমের সঞ্চালনায় অনুষ্ঠানে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন ইউজিসির আইএমসিটি বিভাগের উপ-পরিচালক ইঞ্জিনিয়ার মোহাম্মদ মনির উল্ল্যাহ।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, মানুষ ভুলের উর্ধ্বে নয়, তথাপি ডি-নথির মাধ্যমে অফিস পরিচালনা করলে নির্ভুলভাবে কাজ করার সুযোগ রয়েছে। সময় বাঁচিয়ে কাজ করার ক্ষেত্রে ডি-নথির কোন বিকল্প নেই। বাংলাদেশ সরকার অত্যন্ত দক্ষতার সাথে সবাইকে গড়ে তোলার চেষ্টা করছে। আমরাও সরকারের সাথে একাত্ত হয়ে নিজেদেরকে প্রস্তুত করতে হবে।

প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা মনোযোগ সহকারে প্রশিক্ষণ গ্রহণ করুন। কাজের মধ্যে থাকলে শরীর মন দুটোই ভালো থাকে। তাই আপনারা নিজেদের কাজে ব্যস্ত রাখুন। নেতৃত্বাত্মক ক্ষেত্রে আপোষহীন থাকুন। তাহলেই এগিয়ে যাবে বিশ্ববিদ্যালয়, এগিয়ে যাবে দেশ। প্রশিক্ষণের সফলতা কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

বিশেষ অতিথির বক্তব্যে সেমিনারে অংশগ্রহণকারী সকলকে শুভেচ্ছা জানান নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী। এ সময় তিনি বলেন, নোবিপ্রবিকে ডি-নথি প্রশিক্ষণের অন্তর্ভুক্ত করার জন্য প্রথমেই ধন্যবাদ জানাতে চাই ইউজিসিকে। বাংলাদেশ সরকারের ডিজিটাইজেশন প্রক্রিয়ার সাথে একাত্ত হয়ে বিশ্ববিদ্যালয়গুলো ডি-নথি বাস্তবায়নের জন্য কাজ করছে। আশা করছি আমরা অচিরেই ডি-নথির সুফল ভোগ করবো। প্রশিক্ষণে অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

বিশেষ অতিথি নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, 'ডি-নথি' বাস্তবায়নের ক্ষেত্রে কারিগরি বিষয়গুলো প্রশিক্ষণের মাধ্যমে শেখানো হলেও আপনারা যদি টাইপিং না জানেন তাহলে ডি-নথি বাস্তবায়ন সম্ভব হবে না। কম্পিউটার সংক্রান্ত মৌলিক জ্ঞানটুকু আপনাদের নিজেদের মধ্যে থাকতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী দেশের অন্য শেখ হাসিনা চাচেছেন সময় কমিয়ে কাজের পরিমাণ বাঢ়াতে। আর তাই তিনি ডি-নথির মতো যুগোপযোগী সিদ্ধান্ত নিয়েছেন। আমরা মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ বিনির্মানে সচেষ্ট থাকবো। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

বিশেষ অতিথি এবং কোর্স পরিচালক ও নোবিপ্রবি রেজিস্ট্রার জনাব মোহাম্মদ জসীম উদ্দিন বলেন, নোবিপ্রবিতে ডি-নথি বাস্তবায়নের জন্য আমরা এই প্রশিক্ষণের আয়োজন করেছি। ইউজিসি কে ধন্যবাদ নোবিপ্রবিকে এমন একটা প্রশিক্ষণের সুযোগ করে দেওয়ার জন্য। ইউজিসি থেকে আগত প্রশিক্ষক মহোদয়কে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দফতরের ২৫ জন কর্মকর্তা ও কর্মচারী অংশ নেন।

R. K. Md. Md.

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

